# উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব জহির ইমাম
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
সভার তারিখ ঃ ০৯/০৮/২০২৩ খ্রিঃ ; সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা
সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

শুরুতে সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানান। অতঃপর তিনি উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি কালীগঞ্জ,লালমনিরহাটকে আলোচ্য সূচি মোতাবেক আলোচনা শুরু করার আহবান জানান। সভায় আলোচিত বিষয় ও সিদ্ধান্তসমুহ নিম্নরুপ ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | বর্তমান সার পরিস্থিতি | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার আগস্ট/২০২৩ ইং মাসে সারের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক। এ মাসে চাহিদার বিপরীতে ৯২২ মেঃ টন ইউরিয়া, ২২৫.৪৫ মেঃটন এমওপি,৭৮.৩০ মেঃটন টিএসপি ও ৩৬৭.২০ মেঃটন ডিএপি সার বরাদ্দ পাওয়া গিয়েছে। তিনি সকল বিসিআইসি ও বিএডিসি রাসায়নিক সার ডিলারগণকে বরাদ্দকৃত দ্রুত সার উত্তোলনে জন্য তাগিত দেন। তিনি আরও জানান যে<br>১. চলতি খরপি-২ মৌসুম শুরু পর্যায়ে, কৃষক পর্যায়ে তেমন সারের চাহিদা নাই কিন্তু সামনে খরিপ ২ মৌসুমে প্রচুর সারের চাহিদা হবে তাই তিনি বরাদ্দকৃত সার সকল ডিলারগণ কে উত্তোলন করে নিজ নিজ গোডাউনে মজুদ রাখার পরামর্শ দেন।<br>২. এমওপি সার বিক্রয়ের জন্য সকল রাসায়নিক সার ডিলারগণ কে কৃষকের চাহিদা মোতাবেক মাসওয়ারী বিক্রয় করার পরামর্শ প্রদান করেন।<br>৩. সকল ডিলারগন কে মূল্য তালিকা দৃশ্যমান স্থানে লাগানো নির্দেশ প্রদান করেন।<br>৪. মেমোতে কৃষকের মোবাইল নম্বর অবশ্যই লিখে রাখতে বলেন।<br>৫. চেয়ারম্যান গোড়ল ইউনিয়ন জানান যে, কিছু কিছু ডিলার রাতেবেলা সার নিয়ে আসে রাতে গোডাউনে আনলোড করে। এ ব্যাপরে বিএফএর সভাপতি জানান যে, আমদানী কারকের সার লোড় হওয়ার পরে সেটা আমাদের গুদামে পৌছাতে রাত হয়ে যায়। | ১। দ্রুত বরাদ্দকৃত সার ডিলারগন উত্তোলন করেবেন মর্মে সভায় সকল ডিলার একমত প্রকাশ করেন।<br>২। আমদানী কারকের টিএসপি সার ৪/৫ জন ডিলার এক সাথে করে উত্তোলন করবেন মর্মে সিদ্ধান্ত হয়।<br>৩। রাতে বেলা সার গুদামে এ পৌছালে সেটা দিনের বেলায় পরিদর্শনকারী কর্মকর্তার উপস্থিতে সার অনলোড করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার |
| ০২ | সার উত্তোলন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে যেহেতু মাস ভিত্তিক সারের চাহিদা তৈরি করে চাহিদা পত্র প্রেরণ করা হয়। তাই তিনি উক্ত বরাদ্দকৃত সার উত্তোলনে করে মজুদ রাখতে পরামর্শ প্রদান করেন। সার অনুত্তোলন হলে পরবর্তী মাসে সারের চাহিদা ঘাটতি পড়বে। তিনি জানান যে, সার বিষয়ে যে কোন সমস্যা হলে তাৎক্ষনিক উপজেলা নির্বাহী অফিসার কে জানানোর জন্য পরামর্শ প্রদান করেন। | সভায় সকলে একমত প্রকাশ করেন এবং সকল সার ডিলার দ্রুত বরাদ্দকৃত সার উত্তোলন করবেন। | ১। উপজেলা কৃষি অফিসার |
| ০৩ | | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সভায় উপস্থিত ডিলারগণকে নীতিমালা মোতাবেক সার বিক্রয় নির্দেশ প্রদান করেন। এ উপজেলার সার যেন অন্য উপজেলায় না যায় সে ব্যাপারে সকলের সহোযোগিতা কামনা করেন। | সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে কোনভাবেই সার বিক্রয় করা যাবে না। এ ব্যাপারে সকলকে শতর্ক করেন। | ১। উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | ব্রিধান ৯৮ বিক্রয় প্রসঙ্গে | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ব্রিধান-৯৮ বিক্রয় না করার জন্য সকল বিএডিসি রাসায়নিক সার ডিলারগণ কে নির্দেশ প্রদান করা হয়েছিল। তার পরেও কেউ কেউ বিক্রয় করছেন। এতে করে কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যে বিএডিসি রাসায়নিক সার ডিলার নির্দেশ অমান্য করে বিক্রয় করেছন। তাকে ক্ষতিগ্রস্থ কৃষককে ক্ষতিপুরণ দিতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | সার পরিবহণ সংক্রান্ত | সভাপতি বিএফএ জানান যে, গত ১০-১২ বছর আগে থেকে সরকার ১০০ টাকা ডিলার পর্যায়ে বিক্রয় এর জন্য ভুর্তকী দিয়েছেন এখন ও ১০০ টাকাই আছে। বর্তমানে জ্বালানী তেলের মূল্য বৃদ্ধিতে পরিবহণ খরচ বৃদ্ধি পেয়েছে। আমদানী কারকের সার উত্তোলন করতে ১০০ টাকা মতই খরচ হয়। ফলে ডিলারগণ আমদানী কারকের সার উত্তোলনে সমস্যায় পড়ছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে ডিলাগণ কে স্বস্ব ডিলার এ বিষয়ে লিখিত আবেদন দিলে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি উক্ত আবেদন গুলি জেলা সার বীজ মনিটরিং কমিটিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করবে। | |

তিনি আরও জানান যে, বর্তমানে সারের সার্বিক পরিস্থিতি ভালো আছে বলে সন্তোষ প্রকাশ করেন। পরিশেষে, আর কোনো আলোচনা না থাকায় সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

৯।৮।২৫

(জহির ইমাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
কালীগঞ্জ, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কালীগঞ্জ,লালমনিরহাট।

স্মারক নং- ১২.১৮.৫২৩৯.০৪১.২৯.০১৪.১৩.৮২৭ তারিখ ৯-০৮-২০২৩ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল ।

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, লালমনিরহাট।
২। উপপরিচালক ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, লালমনিরহাট।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৪। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কালীগঞ্জ, লালমনিরহাট।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। ....................................................সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।

০৯.০৮.২৩

(মাহমুদা খাতুন)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
কালীগঞ্জ,লালমনিরহাট।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

০১। জহির ইমাম, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ,লালমনিরহাট।
০২। মোঃ সাইয়েদুল মোফাচ্ছালীন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৩। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৪। জগদীশ চন্দ্র রায়, কৃষি সম্প্রসারণ অফিসার, কালীগঞ্জ,লালমনিরহাট।
০৫। মোঃ শাহনেওয়াজ, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৬। মো: আলমগীর জামিল, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৭। মোঃ বাদশা মিয়া, বিসিআইসি সার ডিলার, কাকিনা, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৮। মোঃ শাহ আলম, সম্পাদক, বিএডিসি সার ডিলার এসোসিয়েশন, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৯। মোঃ আনিছুর রহমান, সভাপতি, বিএডিসি সার ডিলার এসোসিয়েশন, লালমনিরহাট।
১০। মোঃ আনোয়ার হোসেন, সভাপতি, বিএফএ, সার ডিলার, কালীগঞ্জ, লালমনিরহাট।
১১। মো: মিজানুর রহমান মিজু চেয়ারম্যান, চলবলা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১২। মো: জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, মদাতী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১৩। মো: নুরল আমিন, চেয়ারম্যান, ৬ নং গোড়ল ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১৪। মো: নুর ইসলাম আহমেদ, ৩নং তুষভান্ডার ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১৫। মোঃ সাইফুল ইসলাম, কৃষক প্রতিনিধি, কালীগঞ্জ, লালমনিরহাট।
১৬। মো: আমিরুল ইসলাম হেলাল, সভাপতি, প্রেসক্লাব, কালীগঞ্জ, লালমনিরহাট।
১৮। মো: ফরহাদ হোসেন, চেয়ারম্যান ভোটমারী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১৯। মো: সাইফুল ইসলাম,কৃষক প্রতিনিধি কালীগঞ্জ, লালমনিরহাট।